KIDS GOD WORSHIP
www.kidworship.kr

# শিরোনাম: ক্রুশারোহন
## The Crucifixion


137Page

| | |
|---|---|
| নার | একদিন যীশু তাঁর শিষ্যদের সাথে গেৎশিমানীতে গেলেন। |
| যীশু | এখানে থাক ও আমার সাথে প্রার্থনা কর। আমি ফিরে না আসা পর্যন্ত প্রার্থনা কর - |
| নার | যীশু তাঁর শিষ্যদের একথা বলার পর, যীশু একটু দূরে গিয়ে মাটিতে উবুর হয়ে প্রার্থনা করতে লাগলেন। |
| যীশু | আমার পিতা, যদি এটা সম্ভব হয় এই দুঃখের পেয়ালা আমার কাছ থেকে নিয়ে যাও। তবুও আমার ইচ্ছামত না হোক, কিন্তু তোমার ইচ্ছামত হোক। |
| নার | তখন প্রার্থনার সময় একজন স্বর্গদূত এসে যীশুকে শক্তি দান করল। তারপর যীশু প্রার্থনা শেষ করে শিষ্যদের কাছে ফিরে এসে দেখলেন তারা ঘুমিয়ে পড়েছে। যীশু তাদেরকে বললেন। |
| যীশু | তোমরা কি আমার সাথে এক ঘন্টাও প্রার্থনা করতে পার না? জেগে থাক এবং প্রার্থনা কর যেন পরীক্ষায় না পড়। |


138Page

| | |
|---|---|
| নার | যীশু প্রার্থনা শেষ করার কিছুক্ষণ পর বারোজন শিষ্যের মধ্যে যিহুদা যীশুর কাছে সৈন্য দলবল নিয়ে আসলেন যাদের হাতে তলোয়ার ছিল। যিহুদা যীশুর সাথে বিশ্বাঘাতকতা করার জন্য প্রধান পুরোহিত ও মন্দির রক্ষাকারীর কাছ থেকে ৩০ টি রোপ্য মুদ্রা নিয়েছিলেন। যিহুদা সৈ-ন্যদেরকে বললেন। |
| যিহুদা | যাকে আমি চুমু দেব সেই-ই লোক যীশু! |
| নার | যিহুদা যীশুকে চুমু খেল ও তারপর সৈনিকরা যীশুকে আটক করল। |


139Page

| | |
|---|---|
| নার | প্রধান পুরোহিত যীশুকে প্রশ্ন করলেন। |
| প্রধান পুরোহিত | তুমি কি নিজেকে ঈশ্বরের সন্তান হিসেবে স্বীকার কর? |
| যীশু | আমিই ঈশ্বরের পুত্র। আমি মরে যাব ও আবার ফিরে আসব এবং এর পরে আপনারা মনুষ্যপুত্রকে ঈশ্বরের ডান পাশে বসে থাকতে ও মেঘ রথে আসতে দেখবেন। |
| নার | প্রধান পুরোহিত রেগে চিৎকার করল। |
| প্রধান পুরোহিত | এত বড় সাহস যে তুমি ঈশ্বরকে অপমান করছ!! তোমার শাস্তি হওয়া উচিত!! |
| নার | শেষে প্রধান পুরোহিত ও ইস্রায়েলের নেতারা তাকে মৃত্যুদন্ড দেওয়ার জন্য সিদ্ধান্ত নিল। তখন লোকেরা তার মুখে থুথু দিল এবং ঘুষি ও চড় মারল। |


140Page

নার    পরের দিন সকালে, প্রধান পুরোহিতেরা, নেতারা, ধর্ম শিড়্কেরা একসাথে যীশুকে বেঁধে মহাসভায় পিলাতের কাছে নিয়ে গেলে| তারা যীশুর বিরম্নদ্ধে মিথ্যা সাড়্যা দিল কিন্তু তিনি কিছুই বলেননি| যাহোক, পিলাত জানতেন যীশু নির্দোষ ছিলেন| প্রত্যেক উদ্ধারপর্বের সময় প্রধান শাসকেরা লোকদের পছন্দ করা একজনকে ছেড়ে দিতেন| তাই পিলাত লোকদের জিজ্ঞাসা করল|


পিলাত    তোমাদের কাছে আমি কাকে ছেড়ে দেব? বারাব্বা বা যীশুকে?

লোকেরা    বারাব্বা! বারাব্ব! বারাব্বাকে মুক্ত কর!!

নার    বারাব্বা খুনের দায়ে জেল খাটছিলেন| ভীড়ের মধ্যে লোকজন বলে উঠল যে বারাব্বাকে ছেড়ে দাও| পিলাত ভয় পেল যে দাঙ্গা হতে পারে|

পিলাত    তোমাদের ইচ্ছানুযায়ী হোক! কিন্তু আমি এই নির্দোষ লোকের জন্য আমি দায়ী নই| তোমরাই দায়ী হবে|

নার    শেষে, পিলাতকে বারাব্বাকে ছেড়ে দিল এবং যীশুকে বেঁধে মারল এবং ক্রুশে দিল|


141Page

নার    সৈনিকেরা যীশুকে একটা বেগুনী কাপড় পড়ালেন, তারপর কাঁটা-লতা দিয়ে একটা মুকুট গেঁথে যীশুর মাথায় দিলেন| তারা যীশুর ডান হাতে একটি দন্ড দিয়ে তার সম্মুখে হাঁটু গেড়ে তার টিটকারি করল|

সৈনিকেরা    হায়, ইহুদীদের রাজা!

তারপর    সৈনিকেরা বেগুনে কাপড় খুলে ফেলল এবং নিজের কাপড় পড়িয়ে দিল এবং যেখানে ক্রুশে দেওয়ার কথা সেখানে নিয়ে গেলেন| যীশু গলগথা পর্যন্ত্ম ক্রুশ বয়ে নিলেন কিন্তু ক্রুশটি অনেক ভারী ছিল ও বেশী ওজনের কারণে যীশু পড়ে যেত|

সৈনিকেরা    উঠ!! এখন!! তোমার কি ভয় নাই!!

নার    সেই সময় শিমোন নামে কূরীণী শহরের একজন লোক সেই পথ দিয়ে যাচ্ছিলেন ও সৈনিকেরা ক্রুশ বহন করে নিয়ে যাওয়ার জন্য জোর করল|


142Page

নার    শেষ পর্যন্ত্ম যীশু গলগথায় পৌছলেন| সৈনিকেরা তার কাপড়-চোপড় ছিড়ে নিল| তারপর তারা যীশুকে হাতে ও পায়ে পেরেক মেরে ক্রুশে টাঙ্গিয়ে দিল| সৈনরা তার কাপড়-চোপর ভাগাভাগি করে নিল ও একে অন্যকে অভিনয় করে দেখাল| ক্রুশের উপর যীশুর দোষ সম্বলিত একটি বার্তা লিখে দিয়েছিল | যাতে লেখা ছিল ইনি যিহুদীদের রাজা| যীশু কষ্টের মধ্যে বললেন|

যীশু    পিতা, এদের ড়্মামা কর, কারণ এরা কি করছে তা তারা জানে না|


143Page

নার    তারপর পৃথিবীতে অন্ধকার নেমে আসল|
যীশু উচ্চস্বরে কেঁদে ফেললেন|



144Page

**যীশু** ঈশ্বর আমার, ঈশ্বর আমার, কেন তুমি আমায় পরিত্যাগ করেছ?

**নার** যীশু জানতেন যে পৃথিবীতে তাঁর সময় শেষ হয়ে গিয়েছে। সঙ্গে সঙ্গে তিনি তার শেষ কথা বললেন।

**যীশু** সমাপ্ত হইল।

**নার** এর সাথে সাথে যীশু তার মাথা নত করলেন এবং তার আত্মাকে সমর্পণ করলেন, সঙ্গে সঙ্গে মন্দিরের তিরিস্করনীয় পর্দা চিরে দুই ভাগ হয়ে গেল। পৃথিবীতে ভূমিকম্প  হল, পাথর ভেঙ্গে গেল এবং কবরের দরজা খুলে গেল। ঈশ্বরের পুত্র যীশু খ্রিষ্ট মানুষের পাপের জন্য মৃত্যুবরণ করলেন।